গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজৈর, মাদারীপুর ।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.২০১৪-৬৬৭ তারিখ : ১২/০৭/২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ রাজৈর উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিতি প্রসঙ্গে ।**

রাজৈর উপজেলা পরিষদের জুলাই-২০২৩ খ্রিঃ মাসের সাধারণ সভা আগামী ১৯ জুলাই, ২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কার্যপত্রসহ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১২.০৭.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর।
০৪। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), রাজৈর, মাদারীপুর।
০৬। অফিসার ইনচার্জ, রাজৈর থানা, মাদারীপুর।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর
০৮। উপজেলা.................................... কর্মকর্তা রাজৈর।
০৯। চেয়ারম্যান (সকল), ............................ইউপি, রাজৈর।
জনাব.............................................................
.............................................................

(তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
পত্র প্রাপ্তির দুই কর্মদিবসের মধ্যে কার্যপত্র
cauzpmjoir@gmail.com সরাসরি
প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ-
০১। জনাব শাজাহান খান, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। অফিস কপি।

# উপজেলা পরিষদ রাজৈর, মাদারীপুর এর জুলাই-২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি ঃ মোঃ রেজাউল করিম চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ কমপ্লেক্স।

তারিখ ঃ ১৯-০৭-২০২৩খ্রিঃ
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন<br>আউশ আবাদের তথ্যঃ<br>রাজৈর উপজেলায় চলতি মৌসুমে শাকসবজি আবাদ-২৮৫ হেক্টর, আউশ ধান আবাদ-১৮৫ হেক্টর, বোনা আমন আবাদ-৫৪৪০ হেক্টর ও পাট আবাদ-৬৯১৫ হেক্টর।<br>সারের বরাদ্দ<br>ইউরিয়া-১২৮ মে.টন, মজুদ ৫৬ মে.টন, ডিএপি-৮০ মে.টন, মজুদ ৪৪ মে.টন, টিএসপি-১৪ মে.টন, মজুদ ০৪ মে.টন ও এমওপি-২২ মে.টন, মজুদ ১০ মে.টন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সঠিকভাবে বিতরণকরাসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ । | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদি পশুর টিকা প্রদান-৩২ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-৯০০০ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-২১০০ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-২০১০২ টি, পোষা প্রাণীর চিকিৎসা প্রদান-০৯ টি, কৃত্রিম প্রজনন-৪৪০ টি, সংকর জাতের বাছুরের তথ্য-১৭৩ টি, গবাদিপশুর খামার স্থাপন-০ টি, হাঁস-মুরগির খামার স্থাপন-০, খামার পরিদর্শন-০৮টি, উঠান বৈঠকের আয়োজন-০১ টি, প্রাণিপালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান ০, উন্নত জাতের ঘাসের চাষ-০১ একর। দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের অর্থের অনুকূলে ইউপি থেকে প্রাপ্ত প্রকল্পসমূহ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) অংশের বাস্তবায়ন শেষ হয়েছে। অবশিষ্ট উপজেলা উন্নয়ন তহবিল হতে গৃহিত প্রকল্পের অবশিষ্ট কাজ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | অবশিষ্ট উন্নয়ন প্রকল্প দ্রুত বাস্তবায়ন কাজ সঠিকভাবে তদারকি করতে হবে এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| ০৫ | ত্রাণ ও পুনর্বাসন শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর, কাবিটা, কাবিখা ১ম পর্যায়ে ১০০% কাজ সমাপ্ত হয়েছে এবং ২য় পর্যায়ের কাবিখা সাধারণ ৯৫% সমাপ্ত হয়েছে। বীর নিবাস ২য় পর্যায়ে ৫৮ টি গৃহের কাজ ৮৮% সমাপ্ত এবং ২য় পর্যায়ে এইচবিবি বরাদ্দকৃত ০১ কিঃ মিঃ এর কাজ ১০০% সমাপ্ত হয়েছে। সনিহ্লাবাদ আফতাব উদ্দীন মিনা উচ্চ বিদ্যালয় বন্যা আশ্রয় কেন্দ্রের ৯৮% কাজ সমাপ্ত হয়েছে। দ্রুত কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হবে। ইশিবপুর বন্যা আশ্রয়কেন্দ্রে ৪৫% কাজ সমাপ্ত হয়েছে এবং শেখ রাসেল বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ শুরু করা হলেও বর্তমানে জায়গা নির্ধারণে জটিলতা সৃষ্টি হওয়ায় কাজ বন্ধ রয়েছে। ভূমি মন্ত্রণালয়ের (সিজিআরপি) প্রকল্পের আওতায় পাটাবুকা ও নয়াকান্দি ২টি জায়গায় বালু ভরাটের কাজ সম্পন্ন হয়েছে। অতিদ্রুত ২৬ টি ঘর নির্মাণকাজ শুরু হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ। | উপজেলা মৎস্য কর্মকর্তা, রৌমারী সভায় বলেন যে, আগামী ২৪/০৭/২৩ তারিখ হতে ৩০/০৭/২৩ তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত হবে। সপ্তাহব্যাপী সকল অনুষ্ঠানে/কর্মসূচীতে সকলের স্বতস্ফূর্ত অংশগ্রহণ এবং আন্তরিক সহযোগিতা কামনা করছি। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাছের উৎপাদন বৃদ্ধি করতে প্রয়োজনীয় সকল সহযোগিতা করতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রৌমারী সভায় জানান যে, ২০২৪ সালের মাধ্যমিক পর্যায়ের বিনামূল্যে প্রাপ্ত পাঠ্যপুস্তক এর চাহিদা যথাসময়ে এনসিটিবি এর প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। অত্র উপজেলার ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য পাঠ্যপুস্তক ছাপানোর কাজ চলমান আছে। এনসিটিবি কর্তৃক ইথইআইএন বিহীন বিষয়ভিত্তিক শিক্ষকদের ট্রেনিং এর তথ্য এবং উপজেলা পর্যায়ে কতজন শিক্ষক আছে তার তালিকা চাওয়া হয়েছে। আগামী ২০/০৭/২০২৩ তারিখ উক্ত তথ্য জেলায় পাঠানো হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের প্রয়োজনীয় মেরামত না করার কারনে পানি পড়ে অফিসের কার্নিচারসহ মূল্যবান যন্ত্রপাতী নষ্ট হয়ে যাচ্ছে। তাই দ্রুত মেরামত করা প্রয়োজন। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করছি। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচলনা করতে হবে। | উপজেলা মাঃ শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রৌমারী সভায় বলেন যে, রৌমারী উপজেলায় বর্তমান মাসে খাবার বড়ির মাসিক লক্ষ্যমাত্রা-১৫৭২, অর্জন-৬৭৬, ইনজেকটেবলস মাসিক লক্ষ্যমাত্রা-৭৬৬, অর্জন-২৬০, কনডম মাসিক লক্ষ্যমাত্রা-২৮২, অর্জন-৬৫, আইইউডির মাসিক লক্ষ্যমাত্রা-৬০, অর্জন-০২, ইমপ্লান্টের মাসিক লক্ষ্যমাত্রা-৭৭, অর্জন-৪৮ এবং স্থায়ী পদ্ধতীর মাসিক লক্ষ্যমাত্রা-২০, অর্জন-১৬। উপজেলার মোট সক্ষম দম্পতি-৪৮৭৬০জন মোট গ্রহণকারী-৩৬৯৯৬জন। প্রতিমাসে ইউনিয়ন পর্যায়ে বন্ধ্যাত্বকরণ ক্যাম্পের আয়োজন করা হয়। পরিবার পরিকল্পনা সেবা এবং মা ও শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়। এ কার্যক্রম আরো জোরদার করতে সম্মানিত সদস্যগণকে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রৌমারী সভায় বলেন যে, সকল ইউনিয়নের সকল প্রকার ভাতার মৃত্যু প্রতিস্থাপন কাজ ও প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ ও নাম্বার পরিবর্তনের কাজ চলমান রয়েছে। যে সকল প্রতিবন্ধী ভাতার আওতায় রয়েছে কিন্তু জরিপ কার্য সম্পন্ন করে নাই, অনতিবিলম্বে তাদের জরিপ কার্য সম্পন্ন করার জন্য অবহিত করা হয়েছে। এ ব্যাপারে পৌর মেয়রসহ সকল ইউনিয়নের চেয়ারম্যানদের সহযোগিতা একান্তভাবে কামনা করছি। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসিমিয়া রোগে আক্রান্ত রোগীদের আবেদনপত্র গ্রহণ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রৌমারী সভায় বলেন যে, নিয়মিত সমিতি/দলগঠন, সদস্য/সদস্যা ভর্তি, শেয়ার আদায়, সঞ্চয় আদায়, ঋণ বিতরণ, ঋণ আদায় ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>প্রকল্প গ্রহণ- মৎস্য চাষ- ১০২ টি, গরু মোটাতাজাকরণ- ৭৫ টি, হাঁস মুরগি পালন- ১১২ টি, সবজি চাষ- ১৩৯ টি, ক্ষুদ্র ব্যবসা- ১১৮ টি ও কৃষি কাজ- ১১৬ টি। সর্বমোট-৬৬২ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রৌমারী সভায় বলেন যে, অত্র উপজেলায় বরাদ্দকৃত মোট ঋণ তহবিল (রাজস্ব) ২৫৩৮৮০০/- টাকা। মোট ঋণ বিতরণ ৩৪০৬২৫০০/- টাকা। আদায়যোগ্য আসল ৩০৯৩৫১১০/- টাকা। আদায়কৃত আসল ৩০৪৮৬০৪৫/- টাকা। ঋণ আদায়ের হার ৯৮.৫৫%। মোট ঋণ খেলাপী | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |

| ক্রমিক | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ২৮২৩৭৭/- টাকা। ঋণ খেলাপীর সংখ্যা ৩৫ জন। মোট ঋণ গ্রহীতার সংখ্যা ১৩৪৩ জন। ২০২২-২৩ অর্থ বছরে ঋণ গ্রহিতার সংখ্যা (পুঃ ১১+মঃ ২৫) ৩৬ জন, যুব ঋণ বিতরণ ২০২০০০০/- ও প্রশিক্ষণ (পুঃ ১৩+ মঃ ১৯৭) ২১০ জন, ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ২১৬৪+মঃ ৪০৪৮) ৬২১২ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ১০৪৩+মঃ ২০১১) ৩০৫৪ জন, পরিবার ভিত্তিক কর্মসূচীর (বরাদ্দ) ২০০০০০০/- টাকা, বিতরণ- ৩৯২০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৩৩৯১৩০০/- টাকা, আদায়কৃত আসল ৩৩৯১৩০০/- টাকা। আদায়ের হার ১০০%, ঋণীর সংখ্যা ৩৫৫ জন, ২০২২-২০২৩ অর্থ বছরে উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৩+মঃ ২৭) ৪০ জন, ক্রমপুঞ্জিভূত উপকারভোগীর সংখ্যা (পুঃ ১৮৪+মঃ ১৭১) ৩৫৫ জন, মোট ঋণ খেলাপি ০, ঋণ খেলাপীর সংখ্যা ০ জন ও প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পে ঋণের মোট বরাদ্দ ৪০০০০০/- বিতরণ- ৪৫০০০০/- টাকা, আদায়যোগ্য আসল ৪৫০০০০/- টাকা, আদায়কৃত আসল ৪১৪৮৩৩/-টাকা, আদায়ের হার ৯২%। মোট ঋণ খেলাপী ৩৫১৬৭/-, ঋণ খেলাপীর সংখ্যা ০১ জন, মোট ঋণীর সংখ্যা ১৫ জন। ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণ (পুঃ ০+মঃ ০) ০ জন। ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ (পুঃ ৭১৭+মঃ ১৪৮৩) ২২০০ জন, ২০২২-২৩ অর্থবছরে আত্মকর্মী (পুঃ ০+মঃ ০) ০ জন, ক্রমপুঞ্জিভূত আত্মকর্মী (পুঃ ৪০৮+মঃ ৭৫২) ১১৬০ জন, নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা ২৪ টি। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | ব্যবস্থা নিতে হবে। | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বিভাগীয় কেন্দ্রীয় ০২টি, বিভাগীয় প্রাথমিক ২২৭টি, পল্লীউন্নয়ন কেন্দ্রীয় ০১টি ও পল্লীউন্নয়ন প্রাথমিক ১৭৯টি সমবায় সমিতি রয়েছে। এ সকল সমিতির মধ্যে অডিট বরাদ্দ রয়েছে ২২৭টি এবং অডিট সম্পন্ন হয়েছে প্রাথমিক ২২৭টি ও কেন্দ্রীয় ২টি। পল্লীউন্নয়ন কেন্দ্রীয় ০১ টি, পল্লীউন্নয়ন প্রাথমিক ১২ টি। মোট অডিট ফি ধার্য হয়েছে ৮২৮৫০/- টাকা এবং অডিট আদায় হয়েছে ৮২৮৫০/- টাকা। সমবায় উন্নয়ন তহবিলে ধার্য ৭৮৫৬৬/- এবং আদায় ৭৮৫৬৬/- টাকা। গজারিয়া আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২)তে ঋণ বিতরণ-৪৭৫০০০/- টাকা, আদায়-৩৮৫২৫০/- টাকা, সার্ভিস চার্য আদায়-২৬১৬০/- টাকা এবং ঋণ পাওনা ৮৯৭৫০/- টাকা। দুগ্ধ প্রকল্পে মোট ঋণ বিতরণ (লক্ষ টাকায়)-৪৭৫.০০, ঋণ আদায়যোগ্য-৪৩৪.৪৪, আদায়যোগ্য হতনি-৪০.৫৬, ঋণ আদায়-২৭০,৩৪২ এবং সার্ভিস চার্য আদায়-৩৪.৩১৬/- টাকা। দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস। | উপজেলা নির্বাচন অফিসার, রাজৈর সভায় জানান যে, রাজৈর উপজেলায় জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সকল কার্যক্রম (নতুন ভোটার নিবন্ধন, জাতীয় পরিচয়পত্র সংশোধন ইত্যাদি) চলমান রয়েছে। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), রাজৈর সভায় জানান যে, পানি সরবরাহে আর্সেনিক ঝুকি নিরসন প্রকল্পের ২০২০-২১ অর্থবছরে ২০০টি গভীর নলকূপ এবং ২০২২-২৩ অর্থবছরে ২৫০টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। দ্রুত কাজ শুরু করা হবে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরে ২৮৬ টি গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। ২০২২-২৩ অর্থবছরে গভীর নলকূপের কাজ ৪০% স্থাপন করা হয়েছে এবং কাজ চলমান আছে। | গভীর নলকূপ স্থাপনকাজ দ্রুত সমাপ্ত করতে হবে। দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| ১৬ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, ২০২৩-২৪ সনের জন্য ৫.০০ কিঃমিঃ সিডলিং বনায়নের প্রস্তাবিত স্থানের চাহিদাপত্র প্রেরণ করতে হবে। জনপ্রতিনিধিদের প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হয়। উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় আর্থিক বরাদ্দ প্রদান করে বন বিভাগের চতুর্পাশে সীমানা প্রাচীর নির্মাণের জন্য অনুরোধ করা হয়। সকলের সহযোগিতা কামনা করেন। দাপ্তরিক কার্যক্রম | ফলজ ও শোভাবর্ধন গাছ রোপনের ব্যবস্থা গ্রহনকরাসহ দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা। |

| ক্রঃনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের প্রারম্ভিক মজুদ- ক) চাল ঃ ৯,৬৩০,০০০ মেঃ টন, খ) গম ঃ ১৮৫,০০০ মেঃ টন, গ) খালিবস্তা ঃ ৭২,৫০০ খানা। এ মাস হতে সারা দেশে টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস কার্যক্রমের আওতায় ভোক্তা প্রতি ০৫ কেজি হারে ৩০ টাকা দরে সরকার চাল বিক্রয়ের নির্দেশনা প্রদান করেছে। সে অনুযায়ী রাজৈর পৌরসভায় ১১ জন এবং ইউনিয়ন পর্যায়ে ১৩টি জন টিসিবি ডিলারের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। অদ্য ১৯/০৭/২০২৩ খ্রিঃ হতে চাল বিক্রয় কার্যক্রম চলছে। এ কার্যক্রম বিশেষভাবে তদারকীর জন্য মেয়র, রাজৈর পৌরসভা এবং ইউনিয়ন চেয়ারম্যানদের বিশেষভাবে অনুরোধ করা হল। রাজৈর উপজেলায় ৩০ জুন/২৩ পর্যন্ত কোন কৃষক গম বিক্রয় করতে আসেননি এবং গম সংগ্রহ করার সময়সীমাও সমাপ্ত হয়েছে। এছাড়াকৃষকের অ্যাপের মাধ্যমে ধান ক্রয় করার জন্য লটারীতে বিজয়ী কোন কৃষক ধান বিক্রয়ের জন্য টেকেরহাট এলএসডিতে আসেননি। এমতাবস্থায় অত্র উপজেলায় বরাদ্দকৃত ধান উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবর সমর্পণ করা হয়েছে। চুক্তিবদ্ধ মিলারের নিকট হতে এখন পর্যন্ত মোট ৬,১৭৮,০০০ মেঃ টন বোরো/২৩ সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে। এ কার্যক্রম ৩১আগষ্ট/২৩ পর্যন্ত চলমান থাকবে। রাজৈর উপজেলায় ১১টি ইউনিয়নে মোট ২২ জন ডিলারের মাধ্যমে ৬,৯৮১ জন সুবিধাভোগীদের মধ্যে বর্তমানে যাচাইকৃত/ অনুমোদনকৃত কার্ড সংখ্যা ৬৯৫০টি এবং অযাচাই/বাতিলকৃত কার্ড ৩১টি। নতুন ভোক্তার অন্তর্ভুক্তি কার্যক্রম ৩০ জুন/২৩ সমাপ্ত হয়েছে। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচির আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, চলতি মাসের ভিডব্লিউবি এর ছাড়পত্র এখন পর্যন্ত পাওয়া যায় নাই। ইউনিয়ন চেয়ারম্যানগণ যাতে নিয়মিত ভিডব্লিউ খাতের খাদ্যশস্য উত্তোলন ও বিলিবিতরণ করেন তার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করানোর কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ভিডব্লিউবি এর জুন/২৩ মাসের চাল বিতরণের ছাড়পত্র খাদ্য অফিসে দেওয়া হয়েছে। জুলাই/২৩ মাসের চাল বিতরণের সরকারি জিও না পাওয়া পর্যন্ত ডিও দেওয়া যাবেনা। জিও পাওয়ামাত্র ছাড়পত্র খাদ্য অফিসে দেওয়া হবে। জুলাই/২৩ মাসের দর্জি বিষয়ে প্রশিক্ষণের ৩০ প্রশিক্ষণার্থী ভর্তি কার্যক্রম প্রক্রিয়াধীন। উল্লেখ্য প্রশিক্ষণ কক্ষ জরাজীর্ণ ও অকেজো রুম এর পাশে শিল্পকলা একাডেমী ছিল ঐ রুম বরাদ্দ পাওয়া গেলে প্রশিক্ষণ দেওয়া যাবে। জুলাই/২৩ মাসে বাজিতপুর ইউনিয়নের ১টি বাল্য বিবাহ এসিল্যান্ড স্যারের মাধ্যমে বন্ধ করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | দাপ্তরিক কাযক্রম সঠিকভাবে পরিচালনাসহ নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২০ | উপজেলা হিসাবরক্ষণ অফিস। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা। |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি)। |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, বলেন ২০২২-২০২৩ অর্থ বছরে লাইন নির্মাণ-চলতি-০ কিঃ মিঃ. ক্রমপুঞ্জিত-২.৩৬ কিঃ মিঃ (২) নতুন গ্রাহক সংযোগ (জুন-২০২৩)ঃ- আবাসিক-১৮৪ টি, | নিয়মিত বিদ্যুৎ সরবরাহসহ বকেয়া আদায় করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট। |

| ক্রমিক | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বানিজ্যিক-২৪ টি ও দাতব্য প্রতিষ্ঠান-০৫ টি, শিল্প-০৪ টি, সেচ-০, অটো চার্জ স্টেশন-০১, অন্যান্য-০৪, মোট-২২২ টি, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭৪৫৮৩ জন, অন্তর্ভুক্ত গ্রাম-১৮৬, বিদ্যুতায়িত গ্রাম-১৮৬, গ্রাম বিদ্যুতায়নের হার-১০০%, গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। বকেয়া জুন-২০২৩ প্রান্তিক পর্যন্ত সরকারি আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ১৪৬৭৮১৫/- টাকা। | | |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২২২টি সমিতিতে ১০১৩৪ জন। সদস্যদের জীবনমান উন্নয়নের লক্ষে নিজস্ব সঞ্চয়ের মাধ্যমে পুজি গঠন, সরকার প্রদেয় উৎসাহ বোনাস ও ঘূর্ণায়মান ঋণ তহবিলের মাধ্যমে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। বর্তমান মাসে সঞ্চয় আদায়ের পরিমান ২৩৮২০০/- টাকা। ঋণ আদায়ের পরিমান ১৭৪৮৫৭০৮/- টাকা ও ঋণ প্রদানের পরিমান ১৭১২১০০০/- টাকা। ইউনিয়ন পর্যায়ে সদস্য ভর্তি চলমান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২৪ | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | ইউডিএফ, রাজৈর সভায় বলেন যে, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)'র প্রকল্প চূড়ান্ত করতে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত আবশ্যক। এ ক্ষেত্রে উপজেলা পরিষদের পরবর্তী প্রকল্প বাছাই কমিটি সভায় ইউডিএফ উপস্থিত থাকলে পরবর্তীতে ইউজিডিপি প্রকল্প তালিকা প্রস্তুত করতে সুবিধা হবে। উপজেলা পরিষদ চত্বরে উপজেলা পরিষদের নাগরিক সেবা প্রদানের জন্য কোন সিটিজেন চার্টার টাঙানো নেই। দ্রুত সিটিজেন চার্টার টাঙানোর অনুরোধ করেন। রাজৈর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে একটি মাল্টিপারপাস হলরুম ও একটি ওয়াসব্লক নির্মাণ এর সংশোধিত বাজেট ঠিক করার পর দ্রুত পিএমইউতে প্রেরণ করা হবে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দ্রুত দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার স্থাপন করতে হবে এবং উপপ্রকল্প এর সঠিকভাবে প্রাক্কলন করে দ্রুত পিএমইউ বরাবরে প্রেরণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, রাজৈর ও ইউডিএফ, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। |
| ২৫ | উপজেলা পাট পরিদর্শক | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট পরিদর্শক। |
| ২৬ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | কার্যপত্র না থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়নি। | সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার। |
| ২৭ | বিবিধ আলোচনা। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় বলেন উপজেলা পরিষদ জামে মসজিদের ইমাম ও মুয়াজ্জিন তাদের মাসিক বেতন বৃদ্ধির জন্য আবেদন করেছেন। সেমোতাবেক প্রতিটি দপ্তরকে মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে অনুদান প্রদানের জন্য অনুরোধ করেন। উপজেলা পরিষদ চত্বরে অস্থায়ীভাবে নির্মিত দোকানগুলি নিয়মিত ভাড়া প্রদান করে না। দ্রুত সভা করে নতুন ভাড়া নির্ধারণ ও পূর্বের বকেয়া ভাড়া আদায়ের ব্যবস্থা নেয়া হবে। নিম্নবর্ণিত প্রকল্পগুলি বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)/ উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিল হতে আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। ০১। চরবদরপাশা পাঁকা রাস্তা হতে ইকবাল মাতুব্বরের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-১০০০০০/, ০২। মহিষমারী গোলাম মোস্তফা বড় বাড়ি হতে মহিষমারী ব্রীজ পর্যন্ত রাস্তা ইটের সোলিং-১০০০০০/-, ০৩। উত্তর হোসেনপুর নাঈমের বাড়ির রাস্তা ইটের সোলিং-১০০০০০/- টাকা, ০৪। পশ্চিম রাজৈর উত্তরপাড়া আনোয়ার হোসেনের বাড়ির রাস্তা সিসি করন (পার্ট-২) ১০০০০০/- টাকা, ০৫। শংকরদী পাঁকা রাস্তা হতে বীর মুক্তিযোদ্ধা আলী আকবারের বাড়ি পর্যন্ত রাস্তা পাঁকা করন-৩০০০০০/- টাকা, ০৬। দিগনীয়া কাশিমপুর আব্দুল সাত্তার মিয়ার বাড়ির রাস্তা ইটের সোলিং-১৫০০০০/-, ০৭। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে গভীর নলকূপ স্থাপন-১৬০০০০০/- টাকা, ০৮। পশ্চিম রাজৈর দক্ষিণপাড়া সিদ্দিক আকনের বাড়ির সামনের পুকুরের ঘাটলা নির্মাণ (পার্ট-২)-২০০০০০/- টাকা, ০৯। চৌরাশি বাজার হতে কামালের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সোলিং-৫০০০০/- টাকা, ১০। দক্ষিন হাসানকান্দি নূরানী হাফেজিয়া মাদ্রাসার সামনে খালের উপর কাঠের পুল নির্মাণ-২০০০০০/- টাকা, ১১। ইশিবপুর ইউনিয়ন ভূমি অফিসের রাস্তা | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সংশ্লিষ্ট সকল। |

| ক্রনং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ইটের সোলিং-২০০০০০/- টাকা, ১২। বদরপাশা ব্রীজের এ্যাপ্রোচ নির্মাণ-৪০০০০০/- টাকা, ১৩। হোসেনপুর সত্যবতী রোজার বাড়ির রাস্তা ইটের সোলিং-১০০০০০/- টাকা। ১৪। দামেরচর হতে সোনামুখী রাস্তা ইটের সোলিং-১০০০০০/- টাকা।<br>উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা দ্রুত কার্পেটিং কাজ শেষ করার জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়। উপজেলা কমপ্লেক্সে কমে সাউন্ড সিস্টেম ইন্সটলেশন করা প্রয়োজন। দ্রুত ব্যবস্থা গ্রহণের অনুরোধ।<br>চেয়ারম্যান, বদরপাশা ইউপি, রাজৈর বলেন মরা গাছ কর্তনের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণসহ উমারখালী ব্রীজের এ্যাপ্রোচ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজৈরসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। ইমাম মুয়াজ্জিনের নিয়মিত বেতন পরিশোধের জন্য আয় বাড়াতে হবে। দ্রুত সভা করে করণীয় নির্ধারণ করার অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, পাইকপাড়া, রাজৈর সভায় জানান যে, পাইকপাড়ার প্রধান সড়ক কার্পেটিংএর কাজ সমাপ্ত হয়েছে। কিন্তু ব্রীজের এ্যাপ্রোচ নির্মাণ করা প্রয়োজন।<br>চেয়ারম্যান, খালিয়া ইউপি, রাজৈর বলেন সাতপাড় বাজারে চায়না ও কারেন্ট জালে সয়লাব। দ্রুত ব্যবস্থা গ্রহণের অনুরোধ। স্কুল চলাকালীন সময়ে সাতপাড়া দীপচান স্কুলে মহিষমারী হতে কিছু বখাটেরা মেয়েদের যৌন হয়রানি করে। ব্রীজের গোড়ায় সন্ধার পর বখাটেদের আড্ডা বসে। দ্রুত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, আমগ্রাম, রাজৈর বলেন আমগ্রাম বাজারে একটু বৃষ্টি হলেই পানি জমে যায়। সেনেরপাড় হতে আমগ্রাম সড়কের দুপাশে বেশ কিছু মরা ও জীবিত গাছ পার্শ্ববর্তী বসতবাড়ির উপর ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। ভেঙে/উপড়ে পড়ে প্রাণহানিসহ বড় ধরনের দুর্ঘটনা ঘটিতে পারে। দ্রুত এ সকল গাছ কর্তনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।<br>সভাপতি, মুক্তক, রাজৈর সভায় জানান যে, উপজেলা পরিষদ জামে মসজিদে মসল্লিদের জন্য একটি বাথরুম নির্মাণ করা প্রয়োজন। ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪-৬৯৬

তারিখঃ ১৯/০৭/২০২৩ খ্রি

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো):- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব শাজাহান খান, এমপি, মাদারীপুর-২ এবং উপদেষ্টা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৪। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
০৭। মেয়র, রাজৈর পৌরসভা, রাজৈর, মাদারীপুর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে :-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। উপজেলা ............................................ কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। চেয়ারম্যান (সকল), .................................... ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪। অফিস কপি।

১৯.০৭.২৩
(উপমা ফারিসা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।